

মঞ্জুরী নং - ৪১

৪৭- পানি সম্পদ মন্ত্রণালয়

মধ্যমেয়াদি ব্যয়

(অংকসমূহ হাজার টাকায়)

	বাজেট ২০১০-১১	প্রক্ষেপণ ২০১১-১২	প্রক্ষেপণ ২০১২-১৩
অনুন্নয়ন	642,25,63	728,14,88	772,17,86
উন্নয়ন	1406,73,00	1341,85,12	1577,82,14
মোট	2048,98,63	2070,00,00	2350,00,00

১. মিশন স্টেটমেন্ট ও প্রধান কার্যাবলি

১.১ মিশন স্টেটমেন্ট

পানি সম্পদের আহরণ, সূষ্ঠা ব্যবহার, ব্যবস্থাপনা, পানি ব্যবহারের যুগোপযোগী আইন, নীতিমালা প্রণয়ন ও অনুসরণ এবং এ খাতে তথ্য প্রযুক্তি ও পরিবেশ বান্ধব প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে টেকসই উন্নয়ন নিশ্চিত করে দেশের আপামর জনগোষ্ঠীর আর্থ-সামাজিক অবস্থার উন্নয়ন এবং তাদের জীবন ও সম্পত্তি রক্ষা করা।

১.২ প্রধান কার্যাবলি

- (ক) সেচ, বন্যা নিয়ন্ত্রণ, জলাবদ্ধতা দূরীকরণ, নিষ্কাশন ব্যবস্থার উন্নয়ন, নদী ভাঙ্গন রোধ এবং লবনাক্ততা ও মরুভূমি প্রতিরোধের ক্ষেত্রে আইন, জাতীয় ও সাধারণ নীতি প্রণয়ন এবং কারিগরি সহায়তা সংক্রান্ত বিষয়াদি;
- (খ) বন্যা পূর্বাভাস এবং সতর্কীকরণ, বন্যা নিয়ন্ত্রণ স্থাপনা, বন্যার কারণ এবং বন্যার কারণে সৃষ্ট ক্ষয়-ক্ষতি সম্পর্কিত সকল বিষয়াবলি;
- (গ) নদীর অববাহিকা এবং বন্যা নিয়ন্ত্রণ স্থাপনাসমূহ সম্পর্কে মৌলিক ও প্রায়োগিক গবেষণা;
- (ঘ) বন্যা নিয়ন্ত্রণ, পানি সম্পদ উন্নয়ন এবং অভিন্ন নদীর পানি বন্টনের ক্ষেত্রে আঞ্চলিক ও আন্তর্জাতিক সহযোগিতা;
- (ঙ) খাল খনন এবং রক্ষণাবেক্ষণ; খাল খনন কর্মসূচির আওতায় খালের উপর পানি নিয়ন্ত্রণ অবকাঠামো নির্মাণ এবং রক্ষণাবেক্ষণ;
- (চ) ভূমি সংরক্ষণ ও পুনরুদ্ধার, নিষ্কাশন এবং জলাবদ্ধতা বিষয়ক কার্যাবলি ও হাওর অঞ্চলে পানি সম্পদ ব্যবস্থাপনা ও এর উন্নয়ন;
- (ছ) পানি সংরক্ষণ জলাধার নির্মাণ, বাঁধ এবং ব্যারেজ নির্মাণ বিষয়ক কার্যাবলি;
- (জ) হাইড্রোলজিক্যাল জরিপ এবং উপাত্ত সংগ্রহ;
- (ঝ) বন্যা নিয়ন্ত্রণ, সেচ ও পানি সম্পদ খাতে নির্মিত অবকাঠামো ও সম্পদসমূহ স্থিতিশীল ব্যবস্থাপনার জন্য মনিটরিং ব্যবস্থার উন্নয়ন এবং এ কাজে মহিলাদের অগ্রাধিকার প্রদান।

২. কৌশলগত উদ্দেশ্য ও প্রধান কার্যক্রমসমূহ

কৌশলগত মধ্যমেয়াদি উদ্দেশ্য	প্রধান কার্যক্রম	সংশ্লিষ্ট দপ্তর/সংস্থা
১. সেচ কার্যক্রমে ভূ-উপরিভাগের পানির ব্যবহার বৃদ্ধি, ভূ-গর্ভস্থ পানির যুক্তিসঙ্গত ব্যবহার এবং নদ-নদী ও খালসমূহের পানি	• সেচ খাল খনন/সেচ খাল পুনঃখনন/নদী ড্রেজিং	• বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
	• সেচ স্ট্রাকচার নির্মাণ/মেরামত	
	• রাবার ড্যাম/ব্যারেজ নির্মাণ	

কৌশলগত মধ্যমেয়াদি উদ্দেশ্য	প্রধান কার্যক্রম	সংশ্লিষ্ট দপ্তর/সংস্থা
এবং উপরিভাগের অতিরিক্ত পানির সুষ্ঠু ব্যবহার	<ul style="list-style-type: none"> প্রধান প্রধান নদীর প্রবাহকে কাজে লাগানোর লক্ষ্যে সমীক্ষা কার্যক্রম 	
	<ul style="list-style-type: none"> সমীক্ষা/প্রশিক্ষণ/গবেষণা কার্যক্রম 	<ul style="list-style-type: none"> বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন বোর্ড
	<ul style="list-style-type: none"> পানি উন্নয়ন বোর্ডের প্রকল্পসমূহের ডিজাইনে সহায়তা করার জন্য গবেষণাগারে ভৌত মডেল/নমুনা পরীক্ষা 	<ul style="list-style-type: none"> নদী গবেষণা ইনস্টিটিউট
২. বন্যা নিয়ন্ত্রণ ও নিষ্কাশন ব্যবস্থার উন্নয়ন এবং ক্ষয়ক্ষতির ঝুঁকি হ্রাসকরণ	<ul style="list-style-type: none"> বন্যা নিয়ন্ত্রণ বাঁধ নির্মাণ, মেরামত ও পুনর্বাসন নিষ্কাশন, খাল খনন/পুনঃখনন বন্যা নিয়ন্ত্রণ ও নিষ্কাশন কাঠামো নির্মাণ, মেরামত ও পুনর্বাসন আধুনিক পদ্ধতি ও প্রযুক্তির মাধ্যমে বন্যা পূর্বাভাস কেন্দ্রের স্যাটেলাইট উপাত্ত ও তথ্য সংগ্রহ এবং সরবরাহ কার্যক্রম স্বয়ংক্রিয়করণ 	<ul style="list-style-type: none"> বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
৩. পানি সম্পদ ও সংশ্লিষ্ট সাধারণ সম্পদে দরিদ্র জনগোষ্ঠীর সম্পৃক্ততা বৃদ্ধিকরণ	<ul style="list-style-type: none"> পানি ব্যবস্থাপনা গ্রুপ গঠন ও রেজিস্ট্রেশন, পানি ব্যবস্থাপনা গ্রুপের জন্য প্রশিক্ষণ এবং প্রকল্পের সেচ/সার্ভিস চার্জ আদায়ের দায়িত্ব তাদের নিকট হস্তান্তর সেচ খাল, ক্রস ড্যাম, ইরিগেশন ইনলেট, ফিসপাস, রেগুলেটর, বাঁধের ব্যবস্থাপনা ও রক্ষণাবেক্ষণ কমিউনিটি পর্যায়ে/ব্যবস্থাপনা গ্রুপের নিকট হস্তান্তর কার্যক্রম 	<ul style="list-style-type: none"> বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
৪. হাওর/জলাভূমি উন্নয়ন, উপকূলীয় অঞ্চলে লবনাক্ত পানির প্রবেশরোধ ও সুন্দরবনের ইকোসিস্টেম সংরক্ষণ এবং সমুদ্র থেকে ভূমি উদ্ধার	<ul style="list-style-type: none"> হাওর/জলাভূমি উন্নয়ন সংক্রান্ত মাস্টার প্ল্যান প্রণয়নের জন্য সমীক্ষা/গবেষণা কার্যক্রম 	<ul style="list-style-type: none"> বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন বোর্ড
	<ul style="list-style-type: none"> নদীর পানি প্রবাহ বৃদ্ধির মাধ্যমে লবনাক্ত পানির প্রবেশরোধকল্পে গঙ্গা নদীর উপর ব্যারেজ নির্মাণের লক্ষ্যে গবেষণা/সমীক্ষা কার্যক্রম গ্রহণ সুন্দরবনসহ উপকূলীয় এলাকার প্রাকৃতিক ভারসাম্য সংরক্ষণ সমুদ্র এবং নদ-নদী থেকে ভূমি উদ্ধারকল্পে উপকূলীয় এলাকায় আড়ি বাঁধ নির্মাণ এবং ক্যাপিটাল ড্রেজিং 	<ul style="list-style-type: none"> বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

কৌশলগত মধ্যমেয়াদি উদ্দেশ্য	প্রধান কার্যক্রম	সংশ্লিষ্ট দপ্তর/সংস্থা
৫. দেশের বৃহত্তর নদীগুলোর ভাঙ্গনরোধ, সীমান্তবর্তী নদীসমূহের পানির হিস্যা নিশ্চিতকরণ এবং ছোট-বড় শহরসমূহকে রক্ষা করা	<ul style="list-style-type: none"> ভাঙ্গন থেকে ঘনবসতিপূর্ণ ও অর্থনৈতিক দিক দিয়ে গুরুত্বপূর্ণ শহর/এলাকাসমূহ রক্ষাকল্পে প্রতিরক্ষা/ নদী তীর সংরক্ষণ কার্যক্রম ও মেরামত সীমান্তবর্তী নদীসমূহের ভাঙ্গন প্রতিরোধকল্পে সীমান্ত নদী সংরক্ষণ 	<ul style="list-style-type: none"> বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
	<ul style="list-style-type: none"> সীমান্তবর্তী নদীসমূহের ভাঙ্গন থেকে ভূ-খন্ড রক্ষা ও তীর সংরক্ষণ এবং অভিন্ন নদীর পানির হিস্যা নিশ্চিতকরণের মাধ্যমে নদীর নাব্যতা বৃদ্ধির জন্য পার্শ্ববর্তী দেশ/দেশসমূহের সাথে সভার আয়োজন 	<ul style="list-style-type: none"> যৌথ নদী কমিশন
৬. পানি সম্পদের সুযম ও সমন্বিত উন্নয়ন বিষয়ে টেকসই ব্যবস্থাপনা নিশ্চিত করা	<ul style="list-style-type: none"> সমীক্ষা/গবেষণা কার্যক্রম পানি সম্পদ খাতের প্রকল্প প্রস্তাবনার যৌক্তিকতা ও দ্বৈততা রোধ করতে ক্লিয়ারিং হাউজ হিসেবে কার্যক্রম পরিচালনা জাতীয় পানি ব্যবস্থাপনা পরিকল্পনার বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন প্রোগ্রাম কো-অর্ডিনেশন ইউনিট (পি.সি.ইউ.) এর মাধ্যমে উপকূলীয় অঞ্চলের পানি সম্পদ ব্যবস্থাপনা কার্যক্রম 	<ul style="list-style-type: none"> বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড পানি সম্পদ পরিকল্পনা সংস্থা
৭. অভিন্ন সীমান্তবর্তী নদীসমূহের পানি বণ্টন চুক্তি সম্পাদন, পানি সম্পদের আহরণ, উন্নয়ন ও সংরক্ষণ এবং বন্যা ও জলবায়ু সংক্রান্ত তথ্য উপাত্ত সংগ্রহ	<ul style="list-style-type: none"> দ্বি-পাক্ষিক ও বহুপাক্ষিক সহযোগিতা সংক্রান্ত কার্যক্রম আগাম বন্যা পূর্বাভাস ও সতর্কীকরণ বিষয়ে যৌথভাবে ভারত, নেপাল ও চীনের সাথে সংশ্লিষ্ট তথ্য ও উপাত্ত বিনিময়ের ব্যবস্থা গ্রহণ এবং তদসংশ্লিষ্ট কার্যক্রম পরিচালনা 	<ul style="list-style-type: none"> যৌথ নদী কমিশন
	<ul style="list-style-type: none"> গবেষণা কার্যক্রম 	<ul style="list-style-type: none"> বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

৩. দারিদ্র্য নিরসন ও নারী উন্নয়ন সংক্রান্ত তথ্য

৩.১ দারিদ্র্য নিরসন ও নারী উন্নয়নের উপর কৌশলগত উদ্দেশ্যসমূহের প্রভাব

৩.১.১ সেচ কার্যক্রমে ভূ-উপরিভাগের পানির ব্যবহার বর্ধিতকরণ, ভূ-গর্ভস্থ পানির যুক্তিসঙ্গত ব্যবহার এবং নদ-নদী ও খালসমূহের পানি এবং উপরিভাগের অতিরিক্ত পানির সুষ্ঠু ব্যবহার

দারিদ্র্য নিরসনের উপর প্রভাবঃ ১০০ কি.মি. সেচ খাল খনন ও ২,১৯০ কি.মি. সেচ খাল পুনঃখননের ফলে অন্যান্য সুবিধাভোগীদের সাথে প্রান্তিক ও দরিদ্র চাষীরা সেচ সুবিধা ব্যবহারের মাধ্যমে উৎপাদন বৃদ্ধি

করতে সক্ষম হবেন। এতে তাঁদের আয় বৃদ্ধি পাবে। সেচ, খাল খনন ও পুনঃখনন কার্যক্রমে দরিদ্র জনগোষ্ঠীর কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হবে। ৭১টি সেচ স্ট্রাকচার নির্মাণ, ২৬০টি সেচ স্ট্রাকচার মেরামত/পুনর্বাসন এবং ১৩৫ কি.মি. নদী ড্রেজিং ও ২২ কি.মি. পাইলট ক্যাপিটাল ড্রেজিং ইতিবাচক প্রভাবও অন্যদের পাশাপাশি প্রান্তিক চাষীদের উপর পড়বে এবং দরিদ্র জনগোষ্ঠীর সুযোগ সৃষ্টি হবে। মধ্যময়াদি ৩টি অর্থবছরে বাস্তবায়নযোগ্য প্রকল্পের আওতায় মোট ৯.০৫ কোটি জনদিবস কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হবে।

নারী উন্নয়নের উপর প্রভাবঃ পানি উন্নয়ন বোর্ডের সেচ কার্যক্রমে গ্রামীণ নারীগোষ্ঠীকে সম্পৃক্তকরণের মাধ্যমে প্রায় ০.৭৪ কোটি জনদিবস কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হবে।

৩.১.২ বন্যা নিয়ন্ত্রণ ও নিষ্কাশন ব্যবস্থার উন্নয়ন এবং ক্ষয়ক্ষতির ঝুঁকি হ্রাসকরণ

দারিদ্র্য নিরসনের উপর প্রভাবঃ সারা দেশব্যাপী ৯৪০ কি.মি. বন্যা নিয়ন্ত্রণ বাঁধ নির্মাণ, ৯,০৪০ কি.মি. বন্যা নিয়ন্ত্রণ বাঁধ মেরামত ও পুনর্বাসন, ১,৬০০ কি.মি. নিষ্কাশন খাল খনন/পুনঃখনন এবং ২,৫০০টি বন্যা নিয়ন্ত্রণ কাঠামো (স্লুইস/রেগুলেটর) নির্মাণ ও মেরামত এর মাধ্যমে নিষ্কাশন ব্যবস্থার উন্নয়ন ঘটবে। এর ফলে দরিদ্র জনগোষ্ঠীর ফসল ও সম্পত্তির ক্ষয়ক্ষতি হ্রাস/রক্ষা পাবে। এ সকল কার্যক্রম বাস্তবায়নে দরিদ্র জনগোষ্ঠীর জন্য কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হবে।

নারী উন্নয়নের উপর প্রভাবঃ বন্যা নিয়ন্ত্রণ ও নিষ্কাশন ব্যবস্থার উন্নয়ন এবং ক্ষয়ক্ষতি হ্রাসকরণের লক্ষ্যে বন্যা নিয়ন্ত্রণ বাঁধ নির্মাণ, মেরামত ও পুনর্বাসন এবং নিষ্কাশন খাল খনন/পুনঃখনন ও বন্যা নিয়ন্ত্রণ কাঠামো (স্লুইস/রেগুলেটর) নির্মাণ/মেরামত এর ফলে নারীদেরও সম্পত্তি রক্ষা পাবে, যা তাঁদের সামাজিক নিরাপত্তা বৃদ্ধি করবে। এসব কার্যক্রম বাস্তবায়নে সৃষ্ট কর্মসংস্থানের ১০% নারীদের সম্পৃক্ত করার প্রচেষ্টা নেয়া হবে।

৩.১.৩ পানি সম্পদ ও সংশ্লিষ্ট সাধারণ সম্পদে দরিদ্র জনগোষ্ঠীর সম্পৃক্ততা বৃদ্ধিকরণ

দারিদ্র্য নিরসনের উপর প্রভাবঃ পানি সম্পদ ব্যবস্থাপনা গ্রুপে এবং সংশ্লিষ্ট সাধারণ সম্পদে অন্যান্যের মধ্যে গ্রামীণ প্রান্তিক চাষীর সম্পৃক্ততা নিশ্চিত করা হবে। ৪৫টি প্রকল্পের ব্যবস্থাপনার দায়িত্ব হস্তান্তর ও ১৯টি প্রকল্পের সার্ভিস চার্জ আদায়ের দায়িত্ব অন্যান্যদের সাথে গ্রামীণ প্রান্তিক চাষীদেরকেও প্রদান করা হবে এবং পানি ব্যবস্থাপনা বিষয়ে প্রশিক্ষণ দেয়া হবে। ফলে তাঁদের আয়বর্ধক কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হবে। পাউবোর প্রকল্পসমূহের মাটির কাজ বাস্তবায়নে Landless Contracting Society (L.C.S.) নীতি অনুসারে দরিদ্র জনগোষ্ঠীর কর্মসংস্থান হবে।

নারী উন্নয়নের উপর প্রভাবঃ I.P.S.W.A.M. প্রকল্পের আওতায় স্থানীয় পর্যায়ে পানি সম্পদ ব্যবস্থাপনা গ্রুপে নারীদের অংশগ্রহণ ও প্রশিক্ষণ প্রদান নিশ্চিত করা হবে। পানি ব্যবস্থাপনা নির্দেশিকা অনুসারে পানি ব্যবস্থাপনা সংগঠনের ৩৩% সদস্য নারী অন্তর্ভুক্ত থাকার বিধান রয়েছে। এর ফলে নারীর ক্ষমতায়নের পাশাপাশি তাঁদের আয়ও বৃদ্ধি পাবে। পাউবোর প্রকল্পের ২৫% মাটির কাজ নারীদের দ্বারা সংগঠিত L.C.S. এর মাধ্যমে সম্পাদন করা হবে বিধায় তাঁদের আর্থিক স্বচ্ছলতা বৃদ্ধি পাবে। I.P.S.W.A.M. প্রকল্পে ৪৫% হতে ৫০% মাটির কাজ নারী L.C.S. দ্বারা সম্পাদনের ব্যবস্থা রাখা হয়েছে।

৩.১.৪ হাওর/জলাভূমি উন্নয়ন, উপকূলীয় অঞ্চলে লবনাক্ত পানির প্রবেশরোধ ও সুন্দরবনের ইকোসিস্টেম সংরক্ষণ এবং সমুদ্র থেকে ভূমি উদ্ধার

দারিদ্র্য নিরসনের উপর প্রভাবঃ লবনাক্ততা থেকে জলাভূমি/সুন্দরবন সংরক্ষণ এবং সমুদ্র ও নদ-নদী থেকে ভূমি উদ্ধার কার্যক্রম গ্রহণ ও তা বাস্তবায়নের ফলে এ কার্যক্রম চলাকালীন দরিদ্র জনগোষ্ঠীর জন্য কর্মসংস্থান সৃষ্টি হবে। সমুদ্র ও নদ-নদী থেকে ভূমি উদ্ধারের লক্ষ্যে গৃহীত সিডিএসপি-৩ প্রকল্প বাস্তবায়নের মাধ্যমে সমুদ্র হতে উদ্ধারকৃত ভূমি ভূমিহীন/দরিদ্র জনগোষ্ঠীর মাঝে সুষ্ঠুভাবে বণ্টন এবং চর ও জলাভূমি এলাকায় নির্মিতব্য ঘর-বাড়ি ভূমিহীন দরিদ্র জনগোষ্ঠীর মাঝে বিতরণ করা হবে। সমুদ্র হতে উদ্ধারকৃত ৫,৫৫০ হেক্টর জমিতে ৯,৫৮৬ টি পরিবারকে (প্রায় ৬১ হাজার জন) পুনর্বাসন করার কার্যক্রম বাস্তবায়িত হবে। এছাড়াও উপকূলীয় অঞ্চলে নির্মিতব্য সাইক্লোন সেন্টার ব্যবহার করে দরিদ্র জনগোষ্ঠী ও মহিলারা তাদের জীবন ও সম্পদ রক্ষা করতে সক্ষম হবে। উল্লেখ্য, গড়াইসহ দেশের অন্যান্য নদ-নদী খননের ফলে

যে পরিমাণ ভূমি উদ্ধার হবে সে ভূমিও মহিলাদের সম্পদ বৃদ্ধিতে সাহায্য করবে। দক্ষিণ পশ্চিমাঞ্চলের মধ্য দিয়ে প্রবাহিত নদীর পানি প্রবাহ বৃদ্ধির মাধ্যমে লবনাক্ত পানির প্রবেশ রোধ করে সুন্দরবনের Eco-system সংরক্ষণ করা হবে, ফলে ভূমির উৎপাদনশীলতা বৃদ্ধি পাবে, যা দারিদ্র্য নিরসনে ইতিবাচক ভূমিকা রাখবে।

নারী উন্নয়নের উপর প্রভাবঃ পানি উন্নয়ন বোর্ড কর্তৃক প্রকল্পসমূহের কার্যক্রম বাস্তবায়নের মাধ্যমে লবনাক্ততা থেকে জলাভূমি/সুন্দরবন সংরক্ষণ এবং সমুদ্র ও নদ-নদী থেকে ভূমি উদ্ধার সম্ভব হবে। এসব কার্যক্রমে নারীদের সক্রিয় অংশগ্রহণ নিশ্চিত করা হবে। সিডিএসপি-৩ প্রকল্পের আওতায় বিধবা/স্বামী পরিত্যক্তা নারীদের অগ্রাধিকার ভিত্তিতে উদ্ধারকৃত খাস জমির মালিকানা বণ্টন করা হবে। সহযোগী বাস্তবায়ন সংস্থার মাধ্যমে গুচ্ছগ্রাম প্রস্তুত করে দুঃস্থদের মাঝে বিতরণ করা হবে। উদ্ধারকৃত ভূমি দুঃস্থ নারীদের মাঝে সুষ্ঠুভাবে বণ্টনের মাধ্যমে তাঁদের সামাজিক নিরাপত্তা বৃদ্ধি করা হবে। চর ও জলাভূমি এলাকায় নির্মিতব্য ঘরবাড়ি দুঃস্থ নারীদের মধ্যে বিতরণের ব্যবস্থা করা হবে।

৩.১.৫ দেশের বৃহত্তর নদীগুলোর ভাঙ্গনরোধ, সীমান্তবর্তী নদীসমূহের পানির হিস্যা নিশ্চিতকরণ এবং ছোট-বড় শহরসমূহকে রক্ষা করা

দারিদ্র্য নিরসনের উপর প্রভাবঃ নদী ভাঙ্গন থেকে দেশের ভূ-খন্ড রক্ষার লক্ষ্যে ১৪৫ কি.মি. নদী তীর সংরক্ষণ ও ২৫০ কি.মি. নদী তীর সংরক্ষণ কাজ মেরামত করার মাধ্যমে এত দরিদ্র জনগোষ্ঠীকে সম্পৃক্তকরণের ফলে তাঁদের কর্মসংস্থান হবে এবং সহায়-সম্পত্তি রক্ষা পাবে, যা দারিদ্র্য নিরসনে ভূমিকা রাখবে।

নারী উন্নয়নের উপর প্রভাবঃ নদী তীর সংরক্ষণ কার্যক্রম বাস্তবায়নে নারীদের সম্পৃক্তকরণের মাধ্যমে কর্ম-সংস্থানের সৃষ্টি করা হবে।

৩.১.৬ পানি সম্পদের সুখম ও সমন্বিত উন্নয়ন বিষয়ে টেকসই ব্যবস্থাপনা নিশ্চিত করা

দারিদ্র্য নিরসনের উপর প্রভাবঃ দারিদ্র্য নিরসনের উপর প্রত্যক্ষভাবে কোন প্রভাব পড়বে না।

নারী উন্নয়নের উপর প্রভাবঃ নারী উন্নয়নের উপর প্রত্যক্ষভাবে কোন প্রভাব পড়বে না।

৩.১.৭ অভিন্ন সীমান্তবর্তী নদীসমূহের পানি বণ্টন চুক্তি সম্পাদন, পানি সম্পদের আহরণ, উন্নয়ন ও সংরক্ষণ এবং বন্যা ও জলবায়ু সংক্রান্ত তথ্য উপাত্ত সংগ্রহ

দারিদ্র্য নিরসনের উপর প্রভাবঃ দারিদ্র্য নিরসনের উপর প্রত্যক্ষভাবে কোন প্রভাব পড়বে না।

নারী উন্নয়নের উপর প্রভাবঃ নারী উন্নয়নের উপর প্রত্যক্ষভাবে কোন প্রভাব পড়বে না।

৩.২ দারিদ্র্য নিরসন ও নারী উন্নয়ন সম্পর্কিত বরাদ্দ

(অংকসমূহ হাজার টাকায়)

বিবরণ	বাজেট ২০১০-১১	প্রক্ষেপণ ২০১১-১২	প্রক্ষেপণ ২০১২-১৩
দারিদ্র্য নিরসন	৪৯৭,৯৮,৬৮	৪৭৬,১৮,০৯	৫৪৫,৯১,৫২
নারী উন্নয়ন	২৮৮,৩৩,৮৯	২৭৫,৪৪,৮৬	৩১৮,৯৬,৮১

৪. অগ্রাধিকার খাত/কর্মসূচিসমূহ

অগ্রাধিকার খাত/কর্মসূচি	সংশ্লিষ্ট কৌশলগত উদ্দেশ্য
১. কৃষি জমিতে সেচ সুবিধা প্রদানের লক্ষ্যে নদী ও খাল খনন/পুনঃখনন, অবকাঠামো নির্মাণ ও রক্ষণাবেক্ষণঃ ফসল উৎপাদনে তথা কৃষি উন্নয়নে সেচ-পানি একটি অন্যতম উপকরণ। কৃষি জমিতে সেচ সুবিধা প্রদানের জন্য প্রয়োজনীয় পানির	<ul style="list-style-type: none"> সেচ কার্যক্রমে ভূ-উপরিভাগের পানির ব্যবহার বর্ধিতকরণ ভূ-গর্ভস্থ পানির যুক্তিসঙ্গত ব্যবহার

অগ্রাধিকার খাত/কর্মসূচি	সংশ্লিষ্ট কৌশলগত উদ্দেশ্য
<p>প্রধান উৎসই হলো নদী ও খালসমূহ। অন্যদিকে, দেশের নদী ও খালগুলো ভরাট হয়ে যাওয়ার পথে। এ পরিপ্রেক্ষিতে এগুলো খনন ও পুনঃখনন অপরিহার্য। এ বিবেচনায়ই সেচ সুবিধা বৃদ্ধি তথা কৃষি উন্নয়নের জন্য খাল/নদী খনন/পুনঃখনন, অবকাঠামো নির্মাণ ও রক্ষণাবেক্ষণ কর্মসূচিকে সর্বোচ্চ অগ্রাধিকার দেয়া হয়েছে।</p>	<ul style="list-style-type: none"> ● নদ-নদী ও খালসমূহের পানি এবং উপরিভাগের অতিরিক্ত পানির সূষ্ঠ ব্যবহার
<p>২. জলবায়ু পরিবর্তনের কারণে পানি সম্পদ খাতে যে ধরণের বিপর্যয়ের আশঙ্কা আছে সে বিষয়ে তথ্য উপাত্তের ভিত্তিতে সঠিক কার্যক্রম গ্রহণ এবং উপকূলীয় এলাকার বিদ্যমান বাঁধ/অবকাঠামো মেরামত, সংস্কার, পুনর্নির্মাণ ও উন্নয়ন, নতুন বাঁধ নির্মাণ, রক্ষণাবেক্ষণ ও বনায়ন কর্মসূচিঃ</p> <p>উপর্যুপরি জলোচ্ছাস, ঝড়, বন্যা, প্লাবন প্রভৃতি প্রাকৃতিক দুর্যোগ হতে মানব জীবন, বন, মৎস্য, পশু ইত্যাদি অমূল্য সম্পদ রক্ষার্থে এবং উপকূলীয় সম্পদের যথাযথ ব্যবহার ও জনগণের কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে উপকূলীয় এলাকায় বিদ্যমান বাঁধ, অবকাঠামো মেরামত, সংস্কার, পুনর্নির্মাণ ও উন্নয়ন, নতুন বাঁধ নির্মাণ, রক্ষণাবেক্ষণ ও বনায়ন কার্যক্রমকে দ্বিতীয় অগ্রাধিকার সম্পন্ন কর্মসূচি হিসেবে অন্তর্ভুক্ত করা হয়েছে।</p>	<ul style="list-style-type: none"> ● হাওর/জলাভূমি উন্নয়ন, উপকূলীয় অঞ্চলে লবনাক্ত পানির প্রবেশরোধ ও সুন্দরবনের ইকোসিস্টেম সংরক্ষণ এবং সমুদ্র থেকে ভূমি উদ্ধার
<p>৩. অর্থনৈতিকভাবে গুরুত্বপূর্ণ এলাকা, জনগণের জান-মাল রক্ষা ও কৃষি জমির ফসল রক্ষাকল্পে বন্যা নিয়ন্ত্রণ বাঁধ নির্মাণ ও রক্ষণাবেক্ষণঃ</p> <p>অর্থনৈতিকভাবে গুরুত্বপূর্ণ এলাকা যেমন-হাট/বাজার, শিল্প কলকারখানা, জনগণের জান-মাল এবং কৃষি জমি বন্যার প্রকোপ থেকে রক্ষা করার দায়িত্ব স্বাভাবিক কারণেই পানি সম্পদ মন্ত্রণালয়ের উপর বর্তায়। এ দায়িত্ব বিবেচনায় এবং বিশেষ করে বন্যা প্লাবিত অঞ্চলে অর্থনীতির গতিধারা স্বাভাবিক রাখার প্রয়াসেই বন্যা নিয়ন্ত্রণ বাঁধ নির্মাণ এবং রক্ষণাবেক্ষণ কর্মসূচিকে অগ্রাধিকার তালিকায় রাখা হয়েছে।</p>	<ul style="list-style-type: none"> ● বন্যা নিয়ন্ত্রণ ও নিষ্কাশন ব্যবস্থার উন্নয়ন এবং ক্ষয়ক্ষতির ঝুঁকি হ্রাসকরণ
<p>৪. গুরুত্বপূর্ণ শহর ও স্থাপনা রক্ষার জন্য প্রতিরক্ষা কাজঃ</p> <p>দেশের অনেক গুরুত্বপূর্ণ শহর যেমন-চাঁদপুর, সিরাজগঞ্জ ইত্যাদি ও স্থাপনা (মূল্যবান কলকারখানা, ব্যবসা প্রতিষ্ঠান ইত্যাদি) নদী ভাঙ্গনের কারণে নদীগর্ভে বিলীন হয়ে যাচ্ছে। ফলশ্রুতিতে, আক্রান্ত অঞ্চল তথা দেশ প্রভূত আর্থিক ক্ষতির সম্মুখীন হচ্ছে। এ অবস্থা থেকে পরিত্রাণ পাওয়ার জন্যই গুরুত্বপূর্ণ শহর ও স্থাপনা রক্ষার জন্য প্রতিরক্ষা কাজ ও বাঁধ নির্মাণ কর্মসূচিকেই যথাযথ অগ্রাধিকার দেয়া হয়েছে।</p>	<ul style="list-style-type: none"> ● দেশের বৃহত্তর নদীগুলোর ভাঙ্গনরোধ এবং ছোট-বড় শহরসমূহকে রক্ষা
<p>৫. পানি সম্পদ সংক্রান্ত পরিকল্পনা প্রণয়নের লক্ষ্যে সমীক্ষা কার্যক্রমঃ</p> <p>বন্যা নিয়ন্ত্রণ, পানি নিষ্কাশন, বাঁধ নির্মাণ ইত্যাদি পানি সম্পদ বিষয়ক উন্নয়ন কার্যাবলি সংক্রান্ত পরিকল্পনা যথাযথভাবে প্রণয়ন, বাস্তবায়ন এবং ব্যবস্থাপনার জন্য পানি সম্পদীয় নির্ভরযোগ্য তথ্য ও উপাত্ত প্রাপ্তি একান্ত প্রয়োজন। এতদোপলক্ষ্যে পানি সম্পদের বিভিন্ন দিকের উপর প্রয়োজনীয় সমীক্ষা পরিচালনা করতে হয়। এ বিবেচনায়ই উল্লিখিত কার্যক্রমটি অগ্রাধিকার প্রাপ্তির দাবীদার।</p>	<ul style="list-style-type: none"> ● পানি সম্পদের সুসম ও সমন্বিত উন্নয়ন বিষয়ে টেকসই ব্যবস্থাপনা নিশ্চিতকরণ

অগ্রাধিকার খাত/কর্মসূচি	সংশ্লিষ্ট কৌশলগত উদ্দেশ্য
৬. সীমান্তবর্তী/অভিন্ন নদীসমূহের পানির ন্যায্য হিস্যা প্রাপ্তিঃ সীমান্তবর্তী/অভিন্ন নদীসমূহের পানির ন্যায্য হিস্যা প্রাপ্তির স্বার্থে এতদঞ্চলের জলবায়ু পরিবর্তন, নদীর গতিপথ, বন্যা শুষ্কতা ইত্যাদি বিষয়ক তথ্য-উপাত্ত সংগ্রহের জন্য দ্বিপাক্ষিক-বহুপাক্ষিক কার্যক্রম গ্রহণ এবং গবেষণা পরিচালনা একটি জরুরী বিষয় বিধায় এ কার্যক্রমকে অগ্রাধিকার তালিকায় অন্তর্ভুক্ত করা হয়েছে।	<ul style="list-style-type: none"> অভিন্ন/সীমান্তবর্তী নদীসমূহের পানি বণ্টন চুক্তি সম্পাদন এবং পানি সম্পদ আহরণ, উন্নয়ন ও সংরক্ষণ এবং বন্যা ও জলবায়ু সংক্রান্ত তথ্য উপাত্ত সংগ্রহ

প্রধান কর্মকৃতি নির্দেশকসমূহ (Key performance indicator)

নির্দেশক	সংশ্লিষ্ট কৌশলগত উদ্দেশ্য	পরিমাপের একক	লক্ষ্যমাত্রা	প্রকৃত	লক্ষ্যমাত্রা	সংশোধিত	মধ্যমেয়াদি লক্ষ্যমাত্রা		
			২০০৮-০৯	২০০৮-০৯	২০০৯-১০	লক্ষ্যমাত্রা	২০১০-১১	২০১১-১২	২০১২-১৩
১. সেচ এলাকা*	১	লক্ষ হেক্টর	০.১৫	০.১২	০.১৫	০.১৫	০.১৫	০.১৫	০.১৫
২. মোট ৯.৬০ লক্ষ হেক্টর সেচযোগ্য এলাকার মধ্যে অর্জন ও লক্ষ্যমাত্রা		লক্ষ হেক্টর	৭.৯৫ (৮২.৮%)	৭.৯২ (৮২.৫%)	৮.০৭ (৮৪.১%)	৮.০৭ (৮৪.১%)	৮.২২ (৮৫.৬%)	৮.৩৭ (৮৭.১%)	৮.৫২ (৮৮.৭%)
৩. বন্যমুক্ত ও নিষ্কাশন এলাকা**	২	লক্ষ হেক্টর	০.৩৫	০.৩০	০.৪০	০.৪০	০.৪০	০.৪৫	০.৫০
৪. বন্যমুক্ত ও নিষ্কাশনযোগ্য ১১০ লক্ষ হেক্টর এলাকার মধ্যে অর্জন ও লক্ষ্যমাত্রা**		লক্ষ হেক্টর	৫৯.৫৫ (৫৪.১%)	৫৯.৫০ (৫৪.১%)	৫৯.৯০ (৫৪.৫%)	৫৯.৯০ (৫৪.৫%)	৬০.৩০ (৫৪.৮%)	৬০.৭৫ (৫৫.২%)	৬১.২৫ (৫৫.৭%)
৫. লবনাক্ততা রোধ	৪	লক্ষ হেক্টর	০.১৫	০.১০	০.১৫	০.১৫	০.১৬	০.১৬	০.১৭
৬. লবনাক্ততা রোধযোগ্য ২৬.৩৭ লক্ষ হেক্টর এলাকার মধ্যে অর্জন ও লক্ষ্যমাত্রা		লক্ষ হেক্টর	১২.৫০ (৪৭.৪%)	১২.৪৫ (৪৭.২%)	১২.৬০ (৪৭.৮%)	১২.৬০ (৪৭.৮%)	১২.৭৬ (৪৮.৪%)	১২.৯২ (৪৯.০%)	১৩.০৯ (৪৯.৬%)
৭. কর্ম সংস্থান	৩	লক্ষ জনদিবস	২৫	২৫	২৫	২৫	২৫	২৬	২৫

* উল্লেখ্য যে, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের আওতাধীন মোট সেচ এলাকা ১৫ লক্ষ হেক্টর। এরমধ্যে সেচযোগ্য এলাকা ৯.৬০ লক্ষ হেক্টর। ২০০৯-১০ অর্থ বছরে লক্ষ্যমাত্রা ৮.০৭ লক্ষ হেক্টর মোট সেচযোগ্য জমি ৯.৬০ লক্ষ হেক্টরের অন্তর্ভুক্ত। যা মোট সেচযোগ্য জমির ৮৪.০৬%।

** উপরোক্ত বর্ণনার অনুরূপ।

৫. অধিদপ্তর/সংস্থার সাম্প্রতিক অর্জন, প্রধান কার্যক্রমসমূহ এবং ফলাফল

৫.১ বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

৫.১.১ সাম্প্রতিক অর্জনঃ দেশের বন্যা নিয়ন্ত্রণ বাঁধ মেরামত, নিষ্কাশন খাল খনন/পুনঃখনন ও প্রয়োজনীয় অবকাঠামো নির্মাণ/পুনর্নির্মাণের ফলে মোট ৯.৬০ লক্ষ হেক্টর সেচযোগ্য এলাকার মধ্যে ২০০৮-০৯ অর্থবছর পর্যন্ত ৭.৯২ লক্ষ হেক্টর (৮২.৫০%) এলাকায় সেচ সুবিধা সম্প্রসারণ সম্ভব হয়েছে। মোট বন্যা নিয়ন্ত্রণ ও নিষ্কাশনযোগ্য ১১০ লক্ষ হেক্টর এলাকার মধ্যে এ সময় পর্যন্ত ৫৯.৫০ লক্ষ হেক্টর (৫৪.০৯%) এলাকাকে বন্যা মুক্ত করা সম্ভব হয়েছে। উপকূলীয় এলাকার বিদ্যমান বাঁধ মেরামত, নতুন বাঁধ নির্মাণ, রক্ষণাবেক্ষণ ও বনায়ন কর্মসূচির ফলে দেশের দক্ষিণাঞ্চলের উপকূলীয় এলাকার লবনাক্ততার ঝুঁকিপূর্ণ মোট ২৬.৩৭ লক্ষ হেক্টর এলাকার মধ্যে ২০০৮-০৯ সাল পর্যন্ত ১২.৪৫ লক্ষ হেক্টর (৪৭.২১%) এলাকা রক্ষা করা সম্ভব হয়েছে। নদীর তীর সংরক্ষণ এবং নদী ভাঙ্গন হতে সম্ভাব্য ক্ষেত্রে শহর, বাজার, হাট, ঐতিহাসিক ও জাতীয় জনগুরুত্বপূর্ণ স্থাপনা ও সম্পদ রক্ষা কার্যক্রমের আওতায় ১৭২ কি.মি. দৈর্ঘ্যে নতুন নদী তীর সংরক্ষণ কাজ বাস্তবায়ন এবং ১২৫ কি.মি. দৈর্ঘ্যে মেরামত করা হয়েছে। এছাড়াও ১৪টি স্পার নির্মাণের মাধ্যমে পদ্মা ও যমুনা নদীর ভাঙ্গন হতে জনগণের সহায়-সম্পদ ও গুরুত্বপূর্ণ স্থাপনাদি রক্ষা করা হয়েছে।

৫.১.২ প্রধান কার্যক্রমসমূহ, কার্যক্রমের সম্ভাব্য ফলাফল এবং কৌশলগত উদ্দেশ্য

প্রধান কার্যক্রম	কার্যক্রমের সম্ভাব্য ফলাফল	সংশ্লিষ্ট কৌশলগত উদ্দেশ্য
১. সেচ খাল খনন/সেচ খাল পুনঃখনন/নদী ড্রেজিং	• ১০০ কি.মি. সেচ খাল খনন	১
	• ২,১৯০ কি.মি. সেচ খাল পুনঃখনন	
	• ১৩৫ কি.মি. নদী ড্রেজিং	
	• ২২ কি.মি. পাইলট ক্যাপিটাল ড্রেজিং	
২. সেচ স্ট্রাকচার নির্মাণ/মেরামত	• ৭১ টি সেচ স্ট্রাকচার নির্মাণ	১
	• ২৬০ টি সেচ স্ট্রাকচার মেরামত/পুনর্বাসন	
৩. রাবার ড্যাম/ব্যারেজ নির্মাণ	• ৩ টি রাবার ড্যাম নির্মাণ	১
৪. প্রধান প্রধান নদীর প্রবাহকে কাজে লাগানোর লক্ষ্যে সমীক্ষা কার্যক্রম	• ১৮ টি সমীক্ষা কার্যক্রম	১
৫. সমীক্ষা/গবেষণা কার্যক্রম সম্পাদন	• ৯ টি সমীক্ষা কার্যক্রম সম্পাদন	১
৬. বন্যা নিয়ন্ত্রণ, বাঁধ নির্মাণ ও মেরামত ও পুনর্বাসন	• ৯৪০ কি.মি. বাঁধ নির্মাণ	২
	• ৯,০৪০ কি.মি. বাঁধ মেরামত	
৭. নিষ্কাশন খাল খনন/পুনঃখনন	• ১,৬০০ কি.মি. নিষ্কাশন খাল খনন/পুনঃখনন	২
৮. বন্যা নিয়ন্ত্রণ ও নিষ্কাশন কাঠামো নির্মাণ, মেরামত ও পুনর্বাসন	• ২,৪০০ টি বন্যা নিয়ন্ত্রণ ও নিষ্কাশন কাঠামো নির্মাণ, মেরামত ও পুনর্বাসন	২
৯. আধুনিক পদ্ধতি ও প্রযুক্তির মাধ্যমে বন্যা পূর্বাভাস কেন্দ্রের স্যাটেলাইট উপাত্ত ও তথ্য সংগ্রহ এবং সরবরাহ কার্যক্রম স্বয়ংক্রিয়করণ	• ২৩ টি ইকুইপমেন্ট ও ২ টি সফটওয়্যার সংগ্রহ	২
১০. পানি ব্যবস্থাপনা গ্রুপ গঠন ও রেজিস্ট্রেশন, পানি ব্যবস্থাপনা গ্রুপের জন্য প্রশিক্ষণ এবং প্রকল্পের সেচ/সার্ভিস চার্জ আদায়ের দায়িত্ব তাদের নিকট হস্তান্তর	• ৪৫ টি প্রকল্পের ব্যবস্থাপনা পর্যায়ক্রমে পানি ব্যবস্থাপনা গ্রুপের নিকট হস্তান্তর	৩
	• ৪,৫৮৫ টি পানি ব্যবস্থাপনা গ্রুপ গঠন	
১১. সেচ খাল, ফ্রস ড্যাম, ইরিগেশন ইনলেট, ফিসপাস, রেগুলেটর, বাঁধের ব্যবস্থাপনা ও রক্ষণাবেক্ষণ কমিউনিটি পর্যায়ে/ব্যবস্থাপনা গ্রুপের নিকট হস্তান্তর কার্যক্রম	• ৪,৫৮৫ টি পানি ব্যবস্থাপনা গ্রুপ গঠন ও ব্যবস্থাপনা গ্রুপের নিকট হস্তান্তরে কার্যক্রম গ্রহণ	৩

প্রধান কার্যক্রম	কার্যক্রমের সম্ভাব্য ফলাফল	সংশ্লিষ্ট কৌশলগত উদ্দেশ্য
১২. ক) নদীর পানি প্রবাহ বৃদ্ধির মাধ্যমে লবনাক্ত পানির প্রবেশরোধকল্পে গঙ্গা নদীর উপর ব্যারেজ নির্মাণের লক্ষ্যে গবেষণা/সমীক্ষা কার্যক্রম গ্রহণ খ) সুন্দরবনসহ উপকূলীয় এলাকার প্রাকৃতিক ভারসাম্য সংরক্ষণ	● মোট ১৪টি সমীক্ষা কার্যক্রম	৪
১৩. সমুদ্র এবং নদ-নদী থেকে ভূমি উদ্ধারকল্পে উপকূলীয় এলাকায় আড়ি বাঁধ নির্মাণ এবং ক্যাপিটাল ড্রেজিং	● ২,৩০০ মিটার আড়ি বাঁধ নির্মাণ	৪
১৪. ভাঙ্গন থেকে ঘনবসতিপূর্ণ ও অর্থনৈতিক দিক দিয়ে গুরুত্বপূর্ণ শহর/এলাকাসমূহ রক্ষাকল্পে প্রতিরক্ষা/নদী তীর সংরক্ষণ কার্যক্রম ও মেরামত	● ১৪০ কি.মি. নদী তীর সংরক্ষণ কাজ ● ২৫০ কি.মি. নদী তীর সংরক্ষণ কাজ মেরামত	৫
১৫. সীমান্ত নদীসমূহের ভাঙ্গন প্রতিরোধকল্পে সীমান্ত নদী সংরক্ষণ	● ১০ কি.মি. সীমান্ত নদী তীর সংরক্ষণ	৫
১৬. গবেষণা কার্যক্রম	● ৫ টি সমীক্ষা/গবেষণা কার্যক্রম	৭

৫.১.৩ কার্যক্রমের ফলাফল নির্দেশক এবং লক্ষ্যমাত্রা

ফলাফল নির্দেশক	পরিমাপের একক	প্রকৃত ২০০৮-০৯	লক্ষ্যমাত্রা ২০০৯-১০	সংশোধিত লক্ষ্যমাত্রা ২০০৯-১০	মধ্যমেয়াদি লক্ষ্যমাত্রা		
					২০১০-১১	২০১১-১২	২০১২-১৩
১. সেচ খাল খনন	কি.মি.	৯	২৫	২৫	২৫	৩৫	৪০
২. সেচ খাল পুনঃখনন	কি.মি.	৪৭৮	৬৫০	৬৫০	৬৭০	৭০০	৮২০
৩. সেচ স্ট্রাকচার (হেড রেগুলেটর/আকুয়াডাক্ট) নির্মাণ	সংখ্যা	৪	১৫	১৫	২০	২৫	২৬
৪. সেচ স্ট্রাকচার (ব্যারাজ/হেড রেগুলেটর/আকুয়াডাক্ট)/ মেরামত/পুনর্বাসন	সংখ্যা	৩৭	৫০	৫০	৭০	৮০	১১০
৫. পাইলট ক্যাপিটাল ড্রেজিং	কি.মি.	-	-	-	১২	৮	-
৬. নদী ড্রেজিং	কি.মি.	২০	৩০	৩০	৩৫	৪০	৬০
৭. বন্যা নিয়ন্ত্রণ বাঁধ ও উপকূলীয় বাঁধ নির্মাণ	কি.মি.	২৫২	২৬০	২৬০	২৭০	৩০০	৩৭০
৮. বন্যা নিয়ন্ত্রণ ও উপকূলীয় বাঁধ মেরামত	কি.মি.	৮৫৩	১,৮৭৫	১,৮৭৫	২,৫২০	৩,০৭০	৩,৪৫০
৯. বন্যা নিয়ন্ত্রণ কাঠামো নির্মাণ ও মেরামত	সংখ্যা	১,৪৩৬	১,৫০০	১,৫০০	১,৬০০	১,৮০০	২,০০০
১০. নিষ্কাশন খাল খনন/পুনঃ খনন	কি.মি.	৪২৪	৪৫০	৪৫০	৪৭৫	৫০০	৬২৫
১১. নদী তীর সংরক্ষণ কাজ	কি.মি.	১৯	৩০	৩০	৪০	৫০	৫৫
১২. নদী তীর সংরক্ষণ কাজ (সীমান্ত নদীসহ) ও মেরামত	কি.মি.	৫০	৭০	৭০	৭৫	৮০	৯৫

৫.১.৪ বাজেট প্রাক্কলন ও প্রক্ষেপণ

(অংকসমূহ হাজার টাকায়)

বিবরণ	বাজেট 2009-10	সংশোধিত 2009-10	প্রাক্কলন 2010-11	প্রক্ষেপণ	
				2011-12	2012-13
অনুন্নয়ন	৫৩২,১১,৬৪	৬৮০,৮৮,২৮	৬২২,৪৭,০০	৭০৭,৫৬,৮৮	৭৫০,৭৬,৩৬
উন্নয়ন	৮৮৫,৩৪,০০	১২৪৫,০৭,০০	১৩৫৮,২৮,০০	১১৩৯,১৮,০০	১৩৩৫,০০,০০
মোট	১৪১৭,৪৫,৬৪	১৯২৫,৯৫,২৮	১৯৮০,৭৫,০০	১৮৪৬,৭৪,৮৮	২০৮৫,৭৬,৩৬

৫.১.৫ অপারেশন ইউনিট/কর্মসূচি/প্রকল্পের তালিকা

অপারেশন ইউনিট/কর্মসূচি/প্রকল্পের নাম	সংশ্লিষ্ট প্রধান কার্যক্রম
অপারেশন ইউনিট (অনুন্নয়ন)	
১। বাপাউবো পরিচালন ও রক্ষণাবেক্ষণ খাতের কার্যক্রম	১, ২, ৬, ৭, ৮, ১৪
অনুমোদিত প্রকল্প	
১. মূছুরী কছুরা বন্যা নিয়ন্ত্রণ, নিষ্কাশন ও সেচ প্রকল্প	১, ২, ৩, ৬, ৭, ৮
২. মাতামূছুরী সেচ প্রকল্প	১, ২, ৩
৩. দক্ষিণ কুমিল্লা উত্তর নোয়াখালী সমন্বিত নিষ্কাশন ও সেচ প্রকল্প	১, ২, ৩, ৬
৪. কুড়িগ্রাম সেচ প্রকল্প (উত্তর ইউনিট)	১, ২
৫. কুড়িগ্রাম সেচ প্রকল্প (দক্ষিণ ইউনিট)	১, ২, ৩
৬. চৌদ্দামাদার বিল বাঁধ ও খাল খনন প্রকল্পের কার্যক্রম বর্ধিতকরণ প্রকল্প	১, ২, ৮
৭. যমুনা নদীর ভাঙ্গন হতে সিরাজগঞ্জ জেলায় মেঘাই বাজার, শুভগাছা ও সিমলা এলাকা সংরক্ষণ প্রকল্প	১৫
৮. তিস্তা ব্যারেজ প্রকল্প-২য় পর্যায় (ইউনিট-১)	১, ২
৯. গ্রামীণ অর্থনৈতিক উন্নয়ন সমুন্নত রাখার জন্য জিকে সেচ প্রকল্পের পাম্পের জরুরী পুনর্বাসন প্রকল্প	২
১০. দক্ষিণ-পশ্চিমাঞ্চলীয় সমন্বিত পানি সম্পদ ব্যবস্থাপনা প্রকল্প	১, ২, ১৬
১১. মেঘনা নদীর ভাঙ্গন হতে চাঁদপুর সেচ সংরক্ষণ প্রকল্প, ১ম পর্যায়	১, ২
১২. চট্টগ্রাম জেলার মিরসরাই উপজেলাধীন মহামায়া ছড়া সেচ সম্প্রসারণ প্রকল্প	১, ২
১৩. চেপা-পুনর্ভরা পানি ব্যবস্থাপনা প্রকল্প	১, ২, ১০, ১১
১৪. ভবদহ নিষ্কাশন উন্নয়ন প্রকল্প-২	১, ৭
১৫. নতুন ডাকাতিয়া-পুরাতন ডাকাতিয়া ছোট ফেনী নদী বেসিন উন্নয়ন প্রকল্প	১
১৬. আপার সুরমা কুসিয়ারা নদীর উভয়তীর বন্যা নিয়ন্ত্রণ ও নিষ্কাশন প্রকল্প	৬, ৭, ৮
১৭. খালিয়াজুরী বন্যা নিয়ন্ত্রণ ও নিষ্কাশন প্রকল্প	৬, ৭, ৮
১৮. সেকেভারী টাউন্স ইন্টিগ্রেটেড ফ্লাড প্রটেকশন প্রজেক্ট, ফেজ-২	৬, ৮
১৯. পাবনা জেলার কাজীরহাট হতে সাতবাড়িয়া পর্যন্ত বাঁধ নির্মাণ প্রকল্প	৬
২০. পিরোজপুর জেলার জিয়ানগর হতে ছলারহাট পর্যন্ত বাঁধ নির্মাণ প্রকল্প	৬

অপারেশন ইউনিট/কর্মসূচি/প্রকল্পের নাম	সংশ্লিষ্ট প্রধান কার্যক্রম
২১. ঢাকা জেলার সাভার উপজেলার ট্যানারী শিল্প এলাকায় বাঁধ ও অন্যান্য অবকাঠামো নির্মাণ	৬, ৮
২২. ইমার্জেন্সী ডিজাস্টার ড্যামেজ রিহেবিলিটেশন (সেক্টর) প্রকল্প-২০০৭ (পার্ট-ইঃ পানি সম্পদ)	৬, ৮
২৩. ২০০৭ সালের ঘূর্ণিঝড় বিধ্বস্ত (সিডর) কাজের জরুরী ক্ষয়ক্ষতি পুনর্বাসন প্রকল্প	৬, ৮
২৪. সাতক্ষীরা জেলাধীন উপকূলীয় বাঁধ প্রকল্পের পোল্ডার নং-১ ও ২ এর জলাবদ্ধতা নিরসন প্রকল্প	৭
২৫. ঢাকা-নারায়ণগঞ্জ-ডেমরা (ডিএনডি) প্রকল্পের নিষ্কাশন ও উন্নয়ন প্রকল্প	৭
২৬. সমন্বিত অংশগ্রহণমূলক টেকসই পানি ব্যবস্থাপনা পরিকল্পনা	৫, ১০, ১১, ১২, ১৬
২৭. যমুনা-মেঘনা রিভার ইরোশন মিটিগেশন প্রকল্প	১০, ১১, ১৪
২৮. পানি ব্যবস্থাপনা উন্নয়ন প্রকল্প	৫, ১০, ১১, ১২, ১৬
২৯. এ্যাস্টুয়ারি ডেভেলপমেন্ট প্রোগ্রাম	১০, ১১
৩০. চর ডেভেলপমেন্ট এন্ড সেটেলমেন্ট প্রকল্প-৩	৫, ১৩
৩১. ফিজিবিলিটি স্টাডি এন্ড ডিটেইল্ড ডিজাইন অব গ্যাঞ্জাজ ব্যারাজ প্রজেক্ট	১২, ১২, ১৬
৩২. বঙ্গোপসাগর হতে ভূমি উদ্ধারের সম্ভাব্যতা যাচাই পাইলট প্রোগ্রামিং ইঞ্জিনিয়ারিং এবং বায়োলজিক্যাল	১৩
৩৩. রাজশাহী জেলার গোদাগাড়ী উপজেলার রাজাবাগী হতে বালিয়াঘাটা পর্যন্ত বাঁধ নির্মাণ প্রকল্প	৬, ১৪
৩৪. যমুনা নদীর ভাঙ্গন হতে ফুলছড়ি থানা হেড কোয়ার্টার ও কামারজানি বাজার রক্ষা প্রকল্প	১৪
৩৫. ফরিদপুর জেলার সদর ও চরভদ্রাসন উপজেলায় পদ্মা নদীর ভাঙ্গন হতে ফরিদপুর শহর ও পার্শ্ববর্তী এলাকাসমূহ রক্ষা প্রকল্প	১৪
৩৬. যমুনা নদীর ভাঙ্গন হতে গাইবান্ধা সদর উপজেলার বাবুরিয়া, সৈয়দপুর ও ফুলছড়ি উপজেলাধীন কাজীপাড়া বালাসিঘাট এলাকা সংরক্ষণ প্রকল্প	১৪
৩৭. সিলেট সদর উপজেলাধীন গোয়ালীছড়া কাজীর বাজার ছড়া, জাঙ্গালিয়া-যোগীরগাঁও এবং মাহতাবপুর প্রতিরক্ষা প্রকল্প	১৪
৩৮. সিলেট জেলার গোপালগঞ্জ ও ফেঞ্চুগঞ্জ উপজেলাধীন কদুপুর-বসন্তপুর, মানিককোনা, ভেলকোনা ও মহীনপুর এলাকা কুশিয়ারা নদীর ভাঙ্গন হতে রক্ষা প্রকল্প	১৪
৩৯. বগুড়া জেলার ধুনট উপজেলাধীন ভান্ডারবাড়ি ও তৎসংলগ্ন এলাকা যমুনা নদীর ডান তীরের ভাঙ্গন হতে সংরক্ষণ প্রকল্প	১৪
৪০. নরসিংদী শহর সংরক্ষণ প্রকল্প	৬, ১৪
৪১. ভোলা জেলা শহর সংরক্ষণ প্রকল্প (২য় পর্যায়)	৬, ১৪
৪২. যমুনা নদীর ভাঙ্গন হতে তাঁতশিল্প সমৃদ্ধ বেতিল ও এনায়েতপুর বাজার এলাকা সংরক্ষণ প্রকল্প	১৪

অপারেশন ইউনিট/কর্মসূচি/প্রকল্পের নাম	সংশ্লিষ্ট প্রধান কার্যক্রম
৪৩. সিরাজগঞ্জ জেলার সদর উপজেলার যমুনা নদীর ভাঙ্গন হতে শৈলবাড়ী ও পার্শ্ববর্তী এলাকা রক্ষা প্রকল্প	১৪
৪৪. মেঘনা তেতুলিয়া নদীর নদী ভাঙ্গন রোধ প্রকল্প	১৪
৪৫. পটুয়াখালী শহর রক্ষা প্রকল্প	৬, ১৪
৪৬. খুলনা জেলাধীন বাংলাদেশ নৌ-বাহিনীর বিএনএস তীতুমির নৌঘাট ভৈরব নদীর ভাঙ্গন হতে রক্ষাকরণ প্রকল্প	১৪
৪৭. সাংগু নদীর ভাঙ্গন হতে চট্টগ্রাম জেলার আনোয়ারা উপজেলার রায়পুরে অবস্থিত কোস্টগার্ড স্টেশন রক্ষা প্রকল্প	১৪
৪৮. নাটোর জেলার লালপুর তিলকপুর হতে পলিদহ ভায়া গৌরীপুর পর্যন্ত পদ্মা নদীর বামতীর সংরক্ষণ প্রকল্প	১৪
৪৯. মুন্সীগঞ্জ জেলার টঙ্গীবাড়ী উপজেলাধীন পাঁচগাঁও, হাসাইল-বানারী ও দীঘিরপাড় ইউনিয়ন পদ্মা নদীর ভাঙ্গন হতে রক্ষা প্রকল্প	১৪
৫০. পদ্মা নদীর ভাঙ্গন হতে চাঁপাইনবাবগঞ্জ ও শিবগঞ্জ উপজেলা রক্ষা প্রকল্প	১৪
৫১. কুড়িগ্রাম জেলার বৈরাগীর হাট হতে চিলমারী পর্যন্ত ব্রহ্মপুত্র নদীর ডান তীর রক্ষা	১৪
৫২. নদী তীর সংরক্ষণ ও উন্নয়ন এবং শহর সংরক্ষণ প্রকল্প (৪র্থ পর্যায়)	১৪
৫৩. উপকূলীয় অঞ্চলে ক্ষতিগ্রস্ত অতি ঝুঁকিপূর্ণ পোল্ডারসমূহের পুনর্বাসন প্রকল্প	৬, ৮, ১৪
৫৪. বাগেরহাট জেলার সদর ও কচুয়া উপজেলার বেমর্তা প্রকল্প	১, ২, ৬, ৭, ৮
৫৫. নারদ নদী, মুসাখান নদী (অংশ) এবং চারঘাট রেগুলেটর ইনস্টেক চ্যানেল পুনঃখনন	১
অননুমোদিত প্রকল্প	
১. কালনী-কুশিয়ারা নদী ব্যবস্থাপনা প্রকল্প	১, ২
২. চাঁদপুর-কুমিল্লা সমন্বিত বন্যা প্রতিরোধ, নিষ্কাশন ও সেচ প্রকল্প	১, ২, ৬, ৭, ৮
৩. বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের কম্প্রিহেনসিভ সেচ, নিষ্কাশন ও বন্যা নিয়ন্ত্রণ প্রকল্প	১, ২, ৬, ৭, ৮
৪. গুপ্তাকালী জলাধার নির্মাণ সেচ প্রকল্প	১, ২
৫. উত্তর রাজশাহী সেচ প্রকল্প	১, ২
৬. করতোয়া নদীর ডানতীরে সমন্বিত বন্যা নিয়ন্ত্রণ নিষ্কাশন ও সেচ প্রকল্প	১, ২, ৭
৭. ঢেপা নদীর বামতীরে বন্যা নিয়ন্ত্রণ নিষ্কাশন ও সেচ প্রকল্প	১, ২, ৭
৮. মানিকগঞ্জ জেলার দৌলতপুর শিবালয় ও হরিরামপুর উপজেলায় যমুনা-পদ্মা নদীর বামতীরে বন্যা নিয়ন্ত্রণ নিষ্কাশন ও সেচ প্রকল্প	১, ২, ৭
৯. তজুমদ্দিন উপজেলাধীন চর জহিরুদ্দিন বন্যা নিয়ন্ত্রণ নিষ্কাশন ও সেচ প্রকল্প	১, ২, ৭
১০. বন্যা পূর্বাভাস ও সতর্কীকরণের জন্য ডাটা সংগ্রহ ব্যবস্থা উন্নীতকরণ	৯
১১. বন্যা সংক্রান্ত দুর্যোগ ব্যবস্থাপনা ও নিরসনে জলবায়ু/বন্যা পূর্বাভাসের প্রয়োগ	৯
১২. বাংলাদেশের বন্যা পূর্বাভাস ও সতর্কীকরণে সহায়তা (ড্যানিডা জলবায়ু পরিবর্তন অ্যাডাপটেশন শীর্ষক কারিগরি সহায়তা)	৯

অপারেশন ইউনিট/কর্মসূচি/প্রকল্পের নাম	সংশ্লিষ্ট প্রধান কার্যক্রম
১৩. কুমার নদী পুনঃখনন প্রকল্প	১
১৪. গড়াই নদীর পুনরুদ্ধার প্রকল্প	১
১৫. চর কুকরিমুকরি বন্যা নিয়ন্ত্রণ, নিষ্কাশন এবং লবনাক্ত পানি প্রবেশরোধ প্রকল্প	৬, ৭, ৮
১৬. গোমতী নদীর উভয়তীরে বন্যা নিয়ন্ত্রণ বাঁধ নির্মাণ ও পুনর্বাসন প্রকল্প	৬, ৮
১৭. ঢাকা সমন্বিত বন্যা প্রতিরোধ কাম ইস্টার্ন বাইপাস সড়ক বহুমুখী প্রকল্প	৬, ৮
১৮. উপকূলীয় এলাকার ১২৩টি পোল্ডারের পুনর্বাসন প্রকল্প	৬, ৭, ৮
১৯. নদী/খাল পুনঃখনন গুচ্ছ প্রকল্প, ৪র্থ পর্যায়	৭
২০. তিস্তা ব্যারাজের উর্ধ্ব শ্রোত হতে চর অপসারণসহ তিস্তা ব্যারাজ হতে চন্ডিয়ারী পর্যন্ত তিস্তা নদীর বাম তীর সংরক্ষণ প্রকল্প	১৪
২১. গাইবান্ধা জেলার সাঘাটা উপজেলাধীন সাঘাটা বাজার ও তৎসংলগ্ন এলাকা যমুনা নদীর ভাঙ্গন হতে রক্ষা প্রকল্প	১৪
২২. মাদারীপুর শহর ও তৎসংলগ্ন এলাকা রক্ষা প্রকল্প	১৪
২৩. জামালপুর জেলার ইসলামপুর উপজেলার হরিণধরা হতে হাড়গিলা পর্যন্ত যমুনা নদীর বামতীরে নদী তীর সংরক্ষণ প্রকল্প	১৪
২৪. নড়াইল জেলার নবগংগা নদীর ভাঙ্গন হতে মহাজন বাজার প্রতিরক্ষা কাজ	১৪
২৫. কুষ্টিয়া জেলার খোকসা ও কুমার উপজেলায় গড়াই নদীর তীরে ভাঙ্গন প্রতিরোধ প্রকল্প	১৪
২৬. নওগাঁ শহর রক্ষা প্রকল্প	১৪
২৭. ভোলা জেলার চরফ্যাশন ও মনপুরা শহর রক্ষা প্রকল্প	১৪
২৮. পটুয়াখালী জেলায় দুমকী উপজেলার পায়রা নদীর ভাঙ্গন হতে বাহেরচর এলাকা রক্ষা প্রকল্প	১৪
২৯. নাগরপুর ও চৌহালীতে যমুনা নদীর বামতীর এবং ধলেশ্বর নদীর ডানতীরে বন্যা নিয়ন্ত্রণ বাঁধ নির্মাণ এবং নদী তীর সংরক্ষণ প্রকল্প	১৪
৩০. জামালপুর জেলার সরিষাবাড়ি উপজেলাধীন যমুনা নদীর বামতীর ভাঙ্গন হতে পিংনা বাজার এলাকা রক্ষার্থে তীর সংরক্ষণ প্রকল্প	১৪
৩১. কুড়িগ্রাম জেলার রৌমারী উপজেলাধীন দাঁতভাঙ্গা ইউনিয়নের (বিওপি ক্যাম্পের নিকট) সাহেবের আগলা নামক স্থানে ব্রহ্মপুত্র নদের বামতীর সংরক্ষণ প্রকল্প	১৪
৩২. কিশোরগঞ্জ জেলার তারাইল উপজেলাধীন কাজলা গ্রামের প্রতিরক্ষা প্রকল্প	১৪
৩৩. ফুটানী বাজার হতে বাহাদুরবাদ ঘাট অংশে জামালপুর অগ্রাধিকার প্রকল্প	১৪
৩৪. পটুয়াখালী জেলার কলাপাড়া উপজেলায় খেপুপাড়া বন্দর সংরক্ষণ প্রকল্প	১৪
৩৫. বাবুগঞ্জ উপজেলায় সন্ধ্যা নদীর ভাঙ্গন হতে বীরশ্রেষ্ঠ ক্যাপ্টেন মহিউদ্দিন জাহাঙ্গীর স্মৃতি জাদুঘর রক্ষা প্রকল্প	১৪
৩৬. ভৈরব বাজার শহর সংরক্ষণ প্রকল্প	১৪
৩৭. রাজবাড়ী শহর সংরক্ষণ প্রকল্প	১৪
৩৮. ফরিদপুর শহর সংরক্ষণ প্রকল্প	১৪

অপারেশন ইউনিট/কর্মসূচি/প্রকল্পের নাম	সংশ্লিষ্ট প্রধান কার্যক্রম
৩৯. পদ্মা নদীর ভাঙ্গন হতে লৌহজং উপজেলা কমপ্লেক্স রক্ষা প্রকল্প	১৪
৪০. সীমান্ত নদী সংরক্ষণ ও উন্নয়ন প্রকল্প, ২য় পর্যায় (৩৯টি উপ-প্রকল্প)	১৫
৪১. খুলনা জেলার রূপসা উপজেলাধীন কাজদিয়া গ্রামের নিকটবর্তী আঠারবাঁকী নদীর বামতীরে স্থায়ী প্রতিরক্ষা কাজ	১৪
৪২. পানি সম্পদ উন্নয়নের জন্য হাইডোলিক জরিপ ও ইনভেস্টিগেশন প্রকল্প	৪, ৫
৪৩. পদ্মা নদীর ভাঙ্গন হতে রাজবাড়ী জেলার বখশীপুর এবং সেন গ্রাম এলাকায় ফরিদপুর বন্যা নিয়ন্ত্রণ ও নিষ্কাশন প্রকল্প (এলাকা-১)	৬, ৭
৪৪. যমুনা নদীর সংযোগসমূহের পলি অপসারণপূর্বক বুড়িগঙ্গা নদীর প্রবাহ বৃদ্ধিকরণ উপ-প্রকল্প	১
৪৫. ভূমি পুনরুদ্ধারের জন্য ক্রসড্যাম নির্মাণ প্রকল্প (২০০৬/০৭ হতে ২০১১/১২)	১৩
৪৬. জগন্নাথপুর, দিরাই, শালনা পানি ব্যবস্থাপনা প্রকল্প	১, ৬, ৭
৪৭. বরিশাল জেলার মেহেন্দিগঞ্জ উপজেলার উলানিয়া নামক স্থানে পাতারহাট বন্দর প্রতিরক্ষা ও ক্রসড্যাম বাঁধ নির্মাণ প্রকল্প	১৪
৪৮. ফেনী জেলার সোনাগাজী উপজেলার ফেনী রেগুলেটরের ভাটিতে একটি পাইলট চ্যানেল খনন প্রকল্প	১
৪৯. নোয়াখালী জেলার হাতিয়া উপজেলাধীন হাতিয়া নিঝুম দ্বীপ ক্রসড্যাম নির্মাণ প্রকল্প	১৩, ৮
৫০. বলহালতি উন্নয়ন প্রকল্পসহ চলন বিল এলাকা সমন্বিত পানি ব্যবস্থাপনা প্রকল্প	১
৫১. বগুড়া শহরে করতোয়া নদীর নাব্যতা ও পরিবেশ উন্নয়ন প্রকল্প	১
৫২. পানি সম্পদ মন্ত্রণালয়ের আওতায় আই.সি.ডি. ভিত্তিক প্রাতিষ্ঠানিক উন্নয়ন ও দক্ষতা উন্নতিকরণ প্রকল্প	১
৫৩. ৭২, গ্রীণ রোডস্থ ঢাকায় পানি ভবন কমপ্লেক্স নির্মাণ প্রকল্প	১
৫৪. কিশোরগঞ্জ জেলায় নরসুন্দার নদীর পুনঃখনন প্রকল্প	১
৫৫. বরিশাল সেচ প্রকল্পের পুনর্বাসন প্রকল্প	১, ২, ৬, ৭
৫৬. মেঘনা নদীর ভাঙ্গন হতে চাঁদপুর সেচ প্রকল্প সংরক্ষণ প্রকল্প	১৪
৫৭. পাইলট ক্যাপিটাল ড্রেজিং অব রিভার সিস্টেম ইন বাংলাদেশ (ফেইজ-১)	১

৫.২ নদী গবেষণা ইনস্টিটিউট

৫.২.১ সাম্প্রতিক অর্জনঃ বিগত তিন বছরে ৪টি ভৌত মডেল সমীক্ষা এবং মুক্তিকা, কংক্রিট, পলল ও রসায়ন সংক্রান্ত ২২,৭২৪ টি নমুনা পরীক্ষার কাজ সম্পাদিত হয়েছে। এ ছাড়াও 'নদী প্রবাহ ও মরফোলজির উপর বাভেলিং এর প্রভাব' প্রকল্পের ৮০% কাজ এবং 'ইনস্টিটিউশনাল ডেভেলপমেন্ট এন্ড ক্যাপাসিটি বিল্ডিং অব আর.আর.আই.' প্রকল্পের ২৬.৪৬% কাজ সম্পাদন করা হয়েছে।

৫.২.২ প্রধান কার্যক্রমসমূহ, কার্যক্রমের সম্ভাব্য ফলাফল এবং কৌশলগত উদ্দেশ্য

প্রধান কার্যক্রম	কার্যক্রমের ফলাফল	সংশ্লিষ্ট কৌশলগত উদ্দেশ্য
১. পানি উন্নয়ন বোর্ডের প্রকল্পসমূহের ডিজাইনে সহায়তা করার জন্য গবেষণাগারে ভৌত মডেল/নমুনা পরীক্ষা	<ul style="list-style-type: none"> ৪টি মডেল স্টাডি রিপোর্ট ২৮,০০০ নমুনা পরীক্ষা 	১

৫.২.৩ কার্যক্রমের ফলাফল নির্দেশক এবং লক্ষ্যমাত্রা

ফলাফল নির্দেশক	পরিমাপের একক	প্রকৃত ২০০৮-০৯	লক্ষ্যমাত্রা ২০০৯-১০	সংশোধিত লক্ষ্যমাত্রা ২০০৯-১০	মধ্যমেয়াদি লক্ষ্যমাত্রা		
					২০১০-১১	২০১১-১২	২০১২-১৩
১. মডেল স্টাডি	সংখ্যা	১	৩	১	১	১	২
২. নমুনা পরীক্ষা	সংখ্যা	৬,১৮৮	৮,০০০	৭,০০০	৯,০০০	৯,০০০	১০,০০০

৫.২.৪ বাজেট প্রাক্কলন ও প্রক্ষেপণ

(অংকসমূহ হাজার টাকায়)

বিবরণ	বাজেট	সংশোধিত	প্রাক্কলন	প্রক্ষেপণ	
	2009-10	2009-10	2010-11	2011-12	2012-13
অনুন্নয়ন	৪,৭৭,৬০	৫,১৬,৪০	৬,৩০,৬৯	৬,৪০,০০	৬,৬০,০০
উন্নয়ন	৪,০৩,০০	২,৩৯,০০	৩,০৬,০০	৪,০০,০০	৫,০০,০০
মোট	৮,৮০,৬০	৭,৫৫,৪০	৯,৩৬,৬৯	১০,৪০,০০	১১,৬০,০০

৫.২.৫ অপারেশন ইউনিট/কর্মসূচি/প্রকল্পের তালিকা

অপারেশন ইউনিট/কর্মসূচি/প্রকল্পের নাম	সংশ্লিষ্ট প্রধান কার্যক্রম
অপারেশন ইউনিট	
১। বাপাউবো এবং অন্যান্য সংস্থার ডিপোজিট ওয়ার্ক	১
অনুমোদিত প্রকল্প	
১. নদী প্রবাহ ও মরফোলজির উপর বাডেলিং এর প্রভাব	১
২. ইনস্টিটিউশনাল ডেভেলপমেন্ট এন্ড ক্যাপাসিটি বিল্ডিং অব আর.আর.আই.	১
অননুমোদিত প্রকল্প	
১. Institutional Development and Capacity Building of RRI, 2nd Phase	১
২. Physical Model Study for the Protection of Rajbari Town from the right bank erosion of Padma River	১
৩. Physical Model Study to Protect Madaripur Town from the erosion of Arial Khan River	১
৪. Sediment Management of Kumar River through flow regulation and sediment control at the offtake	১
৫. Study of salinity intrusion in the Ganges-Padma-Meghna river system	১
৬. Development of Physical Model Study of The Teesta Barrage including all its components and conduct studies to assess to sustainable operation and maintenance	১

৫.৩ পানি সম্পদ পরিকল্পনা সংস্থা

৫.৩.১ সাম্প্রতিক অর্জনঃ ২০০৬-০৭ হতে ২০০৮-০৯ পর্যন্ত ৩টি অর্থ বছরে উপকূলীয় অঞ্চল নীতি (২০০৫) এবং সমন্বিত উপকূলীয় অঞ্চল নীতির আলোকে ২০টি অগ্রাধিকার বিনিয়োগ কর্মসূচি প্রণয়ন করা হয়েছে। উপকূলীয় অঞ্চলের ১৯টি জেলার মধ্যে ২টি জেলার উন্নয়ন পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। উপকূলীয় অঞ্চলের পানি সম্পদ ও অন্যান্য সম্পদের ডাটাবেস (আই.সি.আর.ডি.) প্রস্তুতপূর্বক তা জাতীয় পানি সম্পদ

ডাটাবেসে স্থাপন করা হয়েছে। সমন্বিত উপকূলীয় অঞ্চল ব্যবস্থাপনা প্রকল্পের আওতায় ওয়ারপো ২০০৬-০৭ অর্থবছরে উপকূলীয় উন্নয়ন কৌশল (Coastal Development Strategy) প্রণয়ন করেছে। ক্লিয়ারিং হাউজ কার্যক্রম বাস্তবায়নের আওতায় ২০০৭-০৮ এ পানি উন্নয়ন বোর্ডের ৪০টি প্রকল্পের ক্লিয়ারেন্স প্রদান করা হয়েছে। জাতীয় পানি ব্যবস্থাপনা বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়নে প্রাথমিকভাবে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের ২টি প্রকল্প ও এল.জি.ই.ডি.র ২টি প্রকল্প মাঠ পর্যায়ে পরিবীক্ষণ করা হয়েছে। ওয়ারপো'র সাংগঠনিক উন্নয়ন পরিকল্পনা (ও.ডি.পি.-২০০৭) প্রণয়ন করা হয়েছে এবং এতে ওয়ারপো'র আগামী দশ বছরের কর্মপরিকল্পনা অন্তর্ভুক্ত করা হয়েছে।

৫.৩.২ প্রধান কার্যক্রমসমূহ, কার্যক্রমের সম্ভাব্য ফলাফল এবং কৌশলগত উদ্দেশ্য

প্রধান কার্যক্রম	কার্যক্রমের সম্ভাব্য ফলাফল	সংশ্লিষ্ট কৌশলগত উদ্দেশ্য
১. সমীক্ষা/ গবেষণা কার্যক্রম	<ul style="list-style-type: none"> হালনাগাদকৃত জাতীয় পানি ব্যবস্থাপনা পরিকল্পনা (১০টি রিপোর্ট) জাতীয় পানি ব্যবস্থাপনা পরিকল্পনার আলোকে প্রধান ৫টি কর্মসূচির উপর সমীক্ষা ও ১২টি রিপোর্ট 	৬
২. পানি সম্পদ খাতের প্রকল্প প্রস্তাবনার যৌক্তিকতা ও দ্বৈততা রোধ করতে ক্লিয়ারিং হাউজ হিসেবে কার্যক্রম পরিচালনা	<ul style="list-style-type: none"> প্রকল্প গ্রহণের ক্ষেত্রে দ্বৈততা পরিহারকল্পে ১০৫টি ক্লিয়ারেন্স সার্টিফিকেট প্রদান ক্লিয়ারিং হাউজ বাস্তবায়নের জন্য ১টি গাইডলাইন ও নির্দেশিকা 	৬
৩. জাতীয় পানি ব্যবস্থাপনা পরিকল্পনার বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন	<ul style="list-style-type: none"> জাতীয় পানি ব্যবস্থাপনা পরিকল্পনা বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়নের জন্য ১৬টি রিপোর্ট প্রকল্পের বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়নের লক্ষ্যে পরিবীক্ষণ সূচক ও আচরণ বিধি তথ্য সংগ্রহ ও মূল্যায়ন পদ্ধতি নির্ধারণে ১টি ম্যানুয়েল প্রস্তুত জাতীয় পানি সম্পদ উপাত্ত ভান্ডার (N.W.R.D.) ও I.C.R.D. উন্নয়ন ও হালনাগাদকরণ ১টি ব্যবস্থাপনা তথ্য পদ্ধতি (M.I.S.) প্রস্তুত 	৬
৪. প্রোগ্রাম কো-অর্ডিনেশন ইউনিট (পি.সি.ইউ.) এর মাধ্যমে উপকূলীয় অঞ্চলের পানি সম্পদ ব্যবস্থাপনা কার্যক্রম	<ul style="list-style-type: none"> ২০টি অগ্রাধিকার বিনিয়োগ কর্মসূচি বাস্তবায়ন পরিবীক্ষণে ৭টি রিপোর্ট উপকূলীয় অঞ্চলের ১৯টি জেলার উন্নয়ন পরিকল্পনা প্রস্তুতের লক্ষ্যে ৩টি রিপোর্ট প্রণয়ন 	৬

৫.৩.৩ কার্যক্রমের ফলাফল নির্দেশক এবং লক্ষ্যমাত্রা

ফলাফল নির্দেশক	পরিমাপের একক	প্রকৃত ২০০৮-০৯	লক্ষ্যমাত্রা ২০০৯-১০	সংশোধিত লক্ষ্যমাত্রা ২০০৯-১০	মধ্যমেয়াদি লক্ষ্যমাত্রা		
					২০১০-১১	২০১১-১২	২০১২-১৩
১. জাতীয় পানি ব্যবস্থাপনা পরিকল্পনা ও তৎসংশ্লিষ্ট রিপোর্ট	সংখ্যা	-	১	১	২	৪	৪
২. সমীক্ষা প্রকল্পের রিপোর্ট	সংখ্যা	৭	৩	৩	৪	৪	৪
৩. ক্লিয়ারেন্স হাউজ কার্যক্রমের আওতায় প্রকল্প প্রস্তাবনার ক্লিয়ারিং সার্টিফিকেট ও গাইডলাইন নির্দেশিকা	সংখ্যা	২০	২৫	২৫	৩০	৩৫	৩৫
৪. বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন রিপোর্ট	সংখ্যা	৩	৪	৪	৪	৫	৫

৫.৩.৪ বাজেট প্রাক্কলন ও প্রক্ষেপণ

(অংকসমূহ হাজার টাকায়)

বিবরণ	বাজেট	সংশোধিত	প্রাক্কলন	প্রক্ষেপণ	
	2009-10	2009-10	2010-11	2011-12	2012-13
অনুন্নয়ন	২,৪৯,৭৭	৩,১৭,৫৫	৩,৩৭,৫৫	৩,৬৯,৭৫	৩,৮৯,৭০
উন্নয়ন	০	৯১,০০	০	৫,০০,০০	৬,০০,০০
মোট	২,৪৯,৭৭	৪,০৮,৫৫	৩,৩৭,৫৫	৮,৬৯,৭৫	৯,৮৯,৭০

৫.৩.৫ অপারেশন ইউনিট/কর্মসূচি/প্রকল্পের তালিকা

অপারেশন ইউনিট/কর্মসূচি/প্রকল্পের নাম	সংশ্লিষ্ট প্রধান কার্যক্রম
অপারেশন ইউনিট (অনুন্নয়ন)	
১. ক্লিয়ারিং হাউজ, জাতীয় পানি ব্যবস্থাপনা পরিকল্পনা বাস্তবায়ন মনিটরিং এন্ড ইভ্যালুয়েশন, প্রোগ্রাম কো-অর্ডিনেশন ইউনিট (পি.সি.ইউ.) উপকূলীয় অঞ্চল	২, ৩
অনুমোদিত প্রকল্প	
১. পানি ব্যবস্থাপনা উন্নয়ন প্রকল্প (ওয়ামিপ)	১
২. ভারত কর্তৃক প্রস্তাবিত আন্তঃবেসিন নদী সংযোগের প্রভাব নিরূপণ শীর্ষক প্রকল্প	১
৩. সমন্বিত পানি ব্যবস্থাপনা বাস্তবায়নে আঞ্চলিক কারিগরি সহায়তা (বাংলাদেশ)	১
৪. আর্সেনিক আক্রান্ত এলাকায় খাবার পানি সরবরাহের বিকল্প হিসেবে ভূ-পরিষ্ক পানির উন্নয়ন পরিকল্পনা	১
অননুমোদিত প্রকল্প	
১. জাতীয় পানি ব্যবস্থাপনা প্রকল্প-২	১
২. সমন্বিত উপকূলীয় অঞ্চল ব্যবস্থাপনা পদ্ধতি প্রাতিষ্ঠানিকীকরণ ও পরিচালন	৪
৩. কর্ণফুলী নদী অববাহিকার উন্নয়নের লক্ষ্যে সমন্বিত পানি সম্পদ ব্যবস্থাপনা	১
৪. শুষ্ক মৌসুমে ভূ-পরিষ্ক পানি সম্পদ প্রাপ্যতা নির্ণয়	১
৫. বাংলাদেশের ভূ-গর্ভস্থ পানি প্রাপ্যতা নির্ণয় (বিশেষ সমীক্ষা এলাকা বিশ্লেষণ)	১
৬. বৃহত্তর ঢাকা অববাহিকার পানি সম্পদ ব্যবস্থাপনা	১

অপারেশন ইউনিট/কর্মসূচি/প্রকল্পের নাম	সংশ্লিষ্ট প্রধান কার্যক্রম
৭. সমুদ্রপৃষ্ঠের উচ্চতা বৃদ্ধির ফলে উপকূলীয় পোল্ডারসমূহের উপর প্রভাব নিরূপণ	১
৮. নদী ভাঙ্গন সমস্যা সমাধানের উপায় নিরূপণ	১
৯. ওয়ারপোর ক্লিয়ারিং হাউজ বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় ম্যানুয়েল, নির্দেশিকা ও গাইডলাইন প্রণয়ন	২

৫.৪ বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন বোর্ড

৫.৪.১ সাম্প্রতিক অর্জন : বাংলাদেশের উত্তর পূর্বাঞ্চলের হাওর এলাকার সার্বিক উন্নয়নের লক্ষ্যে একটি সমন্বিত মাস্টার প্ল্যান তৈরী এবং হাওর ও জলাভূমিসমূহ যথাযথ সংরক্ষণের জন্য একটি তথ্য সমৃদ্ধ ডাটাবেস প্রস্তুতের জন্য একটি প্রকল্প প্রস্তাব প্রণয়নপূর্বক সরকারের অনুমোদনের জন্য দাখিল করা হয়েছে। এছাড়া দেশের পূর্বাঞ্চলের আকাশী শাপলা হাওরে গ্রাম প্রতিরক্ষামূলক কাজ সম্পাদন করা হয়েছে এবং দেশের হাওর এলাকার বিভিন্ন আশ্রয়ন/আবাসন প্রকল্পের প্রতিরক্ষামূলক কাজ সম্প্রসারণ করা হয়েছে।

৫.৪.২ প্রধান কার্যক্রমসমূহ, কার্যক্রমের সম্ভাব্য ফলাফল এবং কৌশলগত উদ্দেশ্য

প্রধান কার্যক্রম	কার্যক্রমের সম্ভাব্য ফলাফল	সংশ্লিষ্ট কৌশলগত উদ্দেশ্য
১. হাওর/জলাভূমি উন্নয়ন সংক্রান্ত মাস্টার প্ল্যান প্রণয়নের জন্য সমীক্ষা/গবেষণা কার্যক্রম	<ul style="list-style-type: none"> হাওর ও জলাভূমি এলাকার ১টি মাস্টার প্ল্যান প্রণয়ন ও ডাটাবেস প্রস্তুতকরণ হাওর এলাকার ৯টি জলাভূমি ও গ্রাম প্রতিরক্ষামূলক কাজ 	৪
২. সমীক্ষা/প্রশিক্ষণ/গবেষণা কার্যক্রম	<ul style="list-style-type: none"> ৯টি সেমিনার/ওয়ার্কশপের ব্যবস্থাকরণ 	১

৫.৪.৩ কার্যক্রমের ফলাফল নির্দেশক এবং লক্ষ্যমাত্রা

ফলাফল নির্দেশক	পরিমাপের একক	প্রকৃত ২০০৮-০৯	লক্ষ্যমাত্রা ২০০৯-১০	সংশোধিত লক্ষ্যমাত্রা ২০০৯-১০	মধ্যমেয়াদি লক্ষ্যমাত্রা		
					২০১০-১১	২০১১-১২	২০১২-১৩
১. গ্রাম প্রতিরক্ষা বাধ নির্মাণ	সংখ্যা	১	১০	৯	৯	১০	১০
২. গ্রাম প্রতিরক্ষা বাধ মেরামত	সংখ্যা	০	০	০	৩	৪	৫
৩. প্রশিক্ষণ	জন	০	১০	১০	১০	১০	১০

৫.৪.৪ বাজেট প্রাক্কলন ও প্রক্ষেপণ

(অংকসমূহ হাজার টাকায়)

বিবরণ	বাজেট	সংশোধিত	প্রাক্কলন	প্রক্ষেপণ	
	2009-10	2009-10	2010-11	2011-12	2012-13
অনুন্নয়ন	৫৬,৮৮	৮০,৫৫	৮৯,৪৮	৯৪,০০	১,০০,০০
উন্নয়ন	২,৬২,০০	৫,৯৭,০০	৪,৩৯,০০	৬,০০,০০	৭,০০,০০
মোট	৩,১৮,৮৮	৬,৭৭,৫৫	৫,২৮,৪৮	৬,৯৪,০০	৮,০০,০০

৫.৪.৫ অপারেশন ইউনিট/কর্মসূচি/প্রকল্পের তালিকা

অপারেশন ইউনিট/কর্মসূচি/প্রকল্পের নাম	সংশ্লিষ্ট প্রধান কার্যক্রম
অপারেশন ইউনিট	
১। বাংলাদেশ হাওড় ও জলাভূমি উন্নয়ন বোর্ড	১,২
অনুমোদিত প্রকল্প	
১. বাংলাদেশের হাওড় এলাকার আশ্রয়ন/আবাসন প্রকল্পে বন্যাজনিত ঝুঁকি প্রতিরোধ প্রকল্প (১ম পর্যায়)	১, ২
অননুমোদিত প্রকল্প	
১. হাওড় ও জলাভূমি এলাকার মহাপরিকল্পনা প্রণয়ন ও ডাটাবেস প্রস্তুতকরণ প্রকল্প	১, ২

৫.৫ যৌথ নদী কমিশন

৫.৫.১ সাম্প্রতিক অর্জনঃ তিস্তা নদীর পানি বণ্টনকে অগ্রাধিকার প্রদান ও অন্যান্য অভিন্ন ও সীমান্তবর্তী নদীর পানির হিস্যা বণ্টন এবং বন্যা পূর্বাভাসের সময় বৃদ্ধির লক্ষ্যে অভিন্ন ও সীমান্তবর্তী নদীসমূহের আরও উজানের স্টেশনের বন্যা সংক্রান্ত তথ্য-উপাত্ত সংগ্রহ নিশ্চিত করা হয়েছে। অভিন্ন ও সীমান্তবর্তী নদীর তীর সংরক্ষণমূলক কার্য পরিচালনাকালে কাজের উদ্ভূত সমস্যার সমাধান ও এর সংশ্লিষ্ট অন্যান্য সমস্যার সমাধানকল্পে ভারতের সাথে পানি সম্পদ সচিব পর্যায়ের ১টি বৈঠক, অন্যান্য পর্যায়ে ভারত ও নেপালের সাথে মোট নয়টি বৈঠক অনুষ্ঠান। ব্রহ্মপুত্র নদের বন্যা সংক্রান্ত তথ্য উপাত্ত চীন হতে আনুষ্ঠানিকভাবে বাংলাদেশে প্রেরণ সংক্রান্ত Implementation Plan স্বাক্ষর ও পানি সম্পদ ক্ষেত্রে পারস্পরিক সহযোগিতার লক্ষ্যে পানি সম্পদ সচিব পর্যায়ে চীনের সাথে ১টি বৈঠক অনুষ্ঠান। এছাড়া সম্প্রতি জাতীয় সংসদের পানি সম্পদ মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় প্রতিনিধি দল ভারতের প্রস্তাবিত টিপাইমুখ ড্যাম প্রকল্প এলাকা পরিদর্শন করে পরিদর্শন প্রতিবেদন সরকারের নিকট পেশ করেছে। অন্যান্য বছরের ন্যায় প্রতি বছর শুকনো মৌসুমে (১ জানুয়ারি-৩১ মে) ফারাক্কায়ে গঙ্গা নদীর প্রবাহ যৌথ পর্যবেক্ষণ ও বণ্টন এবং হার্ডিঞ্জ সেতুর নিকট যৌথ প্রবাহ পর্যবেক্ষণ করা হচ্ছে। বন্যা পূর্বাভাসের জন্য সহায়ক অভিন্ন/সীমান্তবর্তী নদীসমূহের প্রয়োজনীয় তথ্য উপাত্তের মধ্যে ভারত হতে ১৮টি স্টেশনের বৃষ্টিপাত ও ১৩টি স্টেশনের পানি সমতল ও প্রবাহ এবং নেপাল হতে ৪টি ও চীন থেকে ৩টি স্টেশনের বন্যা সংক্রান্ত তথ্য -উপাত্ত সংগ্রহ করা হয়েছে। তদুপরি, মাননীয় প্রধানমন্ত্রীর সাম্প্রতিক ভারত সফরকালে ইছামতির নদীর যৌথ পর্যবেক্ষণ বিষয়ে অগ্রগতি অর্জন।

৫.৫.২ প্রধান কার্যক্রমসমূহ, কার্যক্রমের সম্ভাব্য ফলাফল এবং কৌশলগত উদ্দেশ্য

প্রধান কার্যক্রম	কার্যক্রমের সম্ভাব্য ফলাফল	সংশ্লিষ্ট কৌশলগত উদ্দেশ্য
১. সীমান্তবর্তী নদীসমূহের ভাঙ্গন থেকে ভূ-খন্ড রক্ষা ও তীর সংরক্ষণ এবং অভিন্ন নদীর পানির হিস্যা নিশ্চিতকরণের মাধ্যমে নদীর নাব্যতা বৃদ্ধির জন্য পার্শ্ববর্তী দেশ/দেশসমূহের সাথে সভার আয়োজন	<ul style="list-style-type: none"> যৌথ নদী কমিশন এবং এর অধীনস্থ বিভিন্ন কমিটির ৩০টি বৈঠক অনুষ্ঠান অভিন্ন/সীমান্তবর্তী নদী সংক্রান্ত বিভিন্ন সমস্যা নিরসনকল্পে দ্বি-পাক্ষিক ও বহুপাক্ষিক আলোচনার মাধ্যমে পানি বণ্টন চুক্তি স্বাক্ষর, বাঁধ ও নদীর তীর সংরক্ষণমূলক কাজের উদ্ভূত সমস্যার সমাধান 	৫

প্রধান কার্যক্রম	কার্যক্রমের সম্ভাব্য ফলাফল	সংশ্লিষ্ট কৌশলগত উদ্দেশ্য
২. দ্বি-পাক্ষিক ও বহুপাক্ষিক সহযোগিতা সংক্রান্ত কার্যক্রম	<ul style="list-style-type: none"> গঙ্গা চুক্তি অনুযায়ী ১ জানুয়ারি থেকে ৩১ মে পর্যন্ত ফারাক্কায়ে ৩ বার যৌথ প্রবাহ পরিমাপ ও বণ্টন কার্যক্রম পরিচালনা 	৭
৩. আগাম বন্যা পূর্বাভাস ও সতর্কীকরণ বিষয়ে যৌথভাবে ভারত, নেপাল ও চীনের সাথে সংশ্লিষ্ট তথ্য ও উপাত্ত বিনিময়ের ব্যবস্থা গ্রহণ এবং তদসংশ্লিষ্ট কার্যক্রম পরিচালনা	<ul style="list-style-type: none"> আগাম বন্যা পূর্বাভাস ও সতর্কীকরণ বিষয়ে বাংলাদেশ-ভারত বিশেষজ্ঞ পর্যায়ে ৩টি বৈঠক অনুষ্ঠান অভিন্ন/সীমান্তবর্তী নদীসমূহের উজানের আরো স্টেশনের বন্যা সংক্রান্ত তথ্য উপাত্ত প্রাপ্তি 	৭

৫.৫.৩ কার্যক্রমের ফলাফল নির্দেশক এবং লক্ষ্যমাত্রা

ফলাফল নির্দেশক	পরিমাপের একক	প্রকৃত ২০০৮-০৯	লক্ষ্যমাত্রা ২০০৯-১০	সংশোধিত লক্ষ্যমাত্রা ২০০৯-১০	মধ্যমেয়াদি লক্ষ্যমাত্রা		
					২০১০-১১	২০১১-১২	২০১২-১৩
১. বিভিন্ন বৈঠক অনুষ্ঠান	সংখ্যা	৩	১১	৭	১০	১০	১০
২. নদী ভিত্তিক পজিশন পেপার প্রস্তুতকরণ	সংখ্যা	৮	১১	৯	৯	৯	৯

৫.৫.৪ বাজেট প্রাক্কলন ও প্রক্ষেপণ

(অংকসমূহ হাজার টাকায়)

বিবরণ	বাজেট	সংশোধিত	প্রাক্কলন	প্রক্ষেপণ	
	২০০৯-১০	২০০৯-১০	২০১০-১১	২০১১-১২	২০১২-১৩
অনুন্নয়ন	২,৪৬,৩৯	২,৮৫,৭১	৩,০৭,৫০	৩,১৮,৭৫	৩,৩৬,৩০
উন্নয়ন	০	০	০	০	০
মোট	২,৪৬,৩৯	২,৮৫,৭১	৩,০৭,৫০	৩,১৮,৭৫	৩,৩৬,৩০

৫.৫.৫ অপারেশন ইউনিট/কর্মসূচি/প্রকল্পের তালিকা

অপারেশন ইউনিট/কর্মসূচি/প্রকল্পের নাম	সংশ্লিষ্ট প্রধান কার্যক্রম
অপারেশন ইউনিট (অনুন্নয়ন)	
১। যৌথ নদী কমিশন	১ ও ২